



বাংলাদেশ শিপিং কর্পোরেশন
চট্টগ্রাম।

সূত্র নং- ১৮.১৬.০০০০.৩৫৩.০৩.০১০.২২

তারিখ: ২১/০২/২০২২খ্রি.

লিখিত পরীক্ষা গ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ শিপিং কর্পোরেশনের বিভিন্ন শূন্যপদে জনবল নিয়োগের লক্ষ্যে গত ২২/১২/২০২১খ্রি. তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি নং- ১৮.১৬.০০০০.৩৫২.১১.০১১.২১/১৭৪০ এর প্রেক্ষিতে বর্ণিত পদসমূহে আবেদনকারী প্রার্থীগণের লিখিত পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি মোতাবেক তাঁদের রোলের পার্শ্বে বর্ণিত কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবে:

পদের নাম	তারিখ	সময়	রোল	পরীক্ষা কেন্দ্রের নাম
অফিস সহকারী- কাম- কম্পিউটার অপারেটর	২৫/০২/২০২২খ্রি.	সকাল ১০.৩০ -১২.০০	২১০০০১২৫-২২০০০৯৬১	চট্টগ্রাম বন্দর কলেজ, চট্টগ্রাম।
			২২০০০৯৬২-২২০০১৫৭৩	চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ উচ্চবিদ্যালয়, চট্টগ্রাম।
			২২০০১৫৭৪-২২০০২১২৫	চট্টগ্রাম বন্দর মহিলা কলেজ, চট্টগ্রাম।
			২২০০২১২৬-২২০০৩১৭৩	চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বালিকা উচ্চবিদ্যালয়, চট্টগ্রাম।
সাঁটমুদ্রাক্ষরিক-কাম- কম্পিউটার অপারেটর	২৫/০২/২০২২খ্রি.	দুপুর ২.০০-৩.৩০	২১০০০০০৯-২২০০২৭৮১	চট্টগ্রাম বন্দর কলেজ, চট্টগ্রাম।
			২২০০২৭৯৪-২২০০৩১৬৮	চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ উচ্চবিদ্যালয়, চট্টগ্রাম।
সাঁটলিপিকার-কাম- কম্পিউটার অপারেটর	২৫/০২/২০২২খ্রি.	বিকাল ৪.০০-৫.৩০	২১০০০০০৭-২২০০৩১৬৯	চট্টগ্রাম বন্দর কলেজ, চট্টগ্রাম।

পরীক্ষাকালীন অবশ্য পালনীয় নির্দেশাবলি :

- ০২। লিখিত পরীক্ষার সময় সকল পরীক্ষার্থীকে <http://job.bsc.gov.bd> হতে ডাউনলোডকৃত পরীক্ষার প্রবেশপত্র এবং সকল প্রকার মূল সনদপত্র সঙ্গে আনতে হবে।
- ০৩। পরীক্ষার্থীগণকে তাঁদের প্রবেশপত্রটি পরবর্তীতে ব্যবহারের জন্য অবশ্যই সংরক্ষণ করতে হবে এবং প্রয়োজনমত প্রদর্শন করতে হবে।
- ০৪। পরীক্ষার্থীগণকে পরীক্ষা শুরুর অন্তত ৩০ মিনিট পূর্বে পরীক্ষার হলে উপস্থিত হতে হবে এবং পরীক্ষা শুরু হওয়ার দশ মিনিট পর আর কোন পরীক্ষার্থীকে ভেতরে প্রবেশ করতে দেওয়া হবে না।
- ০৫। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পূর্বে পরীক্ষার্থীগণকে আসন গ্রহণ করতে হবে এবং আসন গ্রহণের পূর্বে তাঁদের মূল সনদপত্রসমূহ কক্ষ পরিদর্শকের নিকট জমা রেখে আসতে হবে। পরীক্ষা শেষে পরীক্ষার্থীগণ তা গ্রহণ করতে পারবেন।
- ০৬। লিখিত পরীক্ষার সময় ৯০ মিনিট এবং উক্ত সময় অতিক্রান্ত হওয়ার পূর্বে কোন অবস্থাতেই পরীক্ষার্থী পরীক্ষার হল ত্যাগ করতে পারবেন না।
- ০৭। পরীক্ষা চলাকালে কোন পরীক্ষার্থী কোন প্রকার ইলেক্ট্রনিক ডিভাইস (যেমন-ঘড়ি, ক্যালকুলেটর, মোবাইল ফোন বা অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রাংশ) এবং বই, খাতা কিংবা বাড়তি কাগজ সঙ্গে রাখতে পারবেন না।
- ০৮। পরীক্ষা চলাকালে পরীক্ষার্থীকে হাজিরা শিটে তাঁর আবেদনপত্রের অনুরূপ স্বাক্ষর প্রদান করতে হবে।
- ০৯। লিখিত পরীক্ষার ফলাফল বাংলাদেশ শিপিং কর্পোরেশনের (বিএসসি) নিজস্ব ওয়েবসাইটে (www.bsc.gov.bd) প্রকাশ করা হবে। পাশাপাশি লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মোবাইলে এসএমএসের মাধ্যমে নিজ নিজ ফলাফল জানিয়ে দেওয়া হবে।
- ১০। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের ব্যবহারিক পরীক্ষা পরের দিন অর্থাৎ ২৬/০২/২০২২খ্রি. তারিখে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ উচ্চবিদ্যালয় এবং চট্টগ্রাম বন্দর কলেজে অনুষ্ঠিত হবে।
- ১১। পরীক্ষার সময় কোনপ্রকার অসদুপায় অবলম্বন করলে অথবা কক্ষ পরিদর্শকের সহিত কোন প্রকার অসদাচরণ করলে তাৎক্ষণিকভাবে উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা বাতিলপূর্বক বহিষ্কার করা হবে এবং তার বিরুদ্ধে উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১২। পরীক্ষার খাতায় কালো কালির কলম ব্যবহার করা বাঞ্ছনীয়।
- ১৩। লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ টিএ ডিএ প্রদান করা হবে না।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ আশরাফুল আমিন)

উপ-সচিব ও মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিএসসি, চট্টগ্রাম।

টেলিফোনঃ ০৩১-৭২৪৮৩২

E-mail: gm-admin@bsc.gov.bd